



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd
কলেজ অনুমোদন শাখা



নম্বর ৩৭.১১.৪০৪১.৪০০.৪১.০০১.২১.২৬

তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৯

২৮ জুলাই ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ২০২১-২০২২ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণিতে আন্তঃবোর্ড ছাড়পত্রের মাধ্যমে যশোর বোর্ডে আগত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি অনুমোদন ও নিবন্ধন করা প্রসঙ্গে

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধানশিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণিতে আন্তঃবোর্ড ছাড়পত্রের মাধ্যমে অন্য বোর্ড হতে যশোর বোর্ডে আগত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি অনুমোদন ও নিবন্ধনের জন্য অনলাইনে আবেদন দাখিলপূর্বক অটোজেনারেটেড রসিদে নির্ধারিত ফি সোনালী গেটওয়ার মাধ্যমে জমা দিতে হবে। ০১-০৮-২০২২ খ্রি. তারিখ থেকে অনলাইনে দাখিল করা যাবে। নির্ধারিত শাখায় আসন শূন্য থাকা এবং নির্ধারিত ন্যূনতম জিপিএ থাকা সাপেক্ষে ছাড়পত্র প্রদানের অনুমতিপত্রে উল্লিখিত সময়ের মধ্যে ভর্তি সম্পন্ন করে ভর্তি অনুমোদনের জন্য অনলাইনে আবেদন দাখিল করতে হবে।

আবেদন দাখিলের পদ্ধতি-

যশোর শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে institute Panel-এর BTC Admission লিংকে Create Application বাটনে ক্লিক করে আবেদন দাখিল করতে হবে। আবেদন দাখিলের পর অটোজেনারেটেড রসিদে নির্ধারিত ফি সোনালী গেটওয়ার মাধ্যমে জমা দিতে হবে।

বি.দ্র.

- আবেদন দাখিলের সময় পূর্বে পঠিত বিষয়ের কোনরূপ পরিবর্তন করা যাবে না।
- আন্তঃবোর্ড ছাড়পত্রের মাধ্যমে আগত শিক্ষার্থীদের এ বোর্ডের নিবন্ধন কার্ড প্রদানের সময় পূর্ববর্তী বোর্ডের মূল নিবন্ধন কার্ড জমা নিয়ে কলেজে সংরক্ষণ করতে হবে।

২৮-৭-২০২২

কে এম রক্বানী

কলেজ পরিদর্শক

ফোন: ০৪২১৬৮৬৩৮

ফ্যাক্স: ০৪২১-৬৮৬৯২

ইমেইল:
ic@jessoreboard.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ২) সেকশন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর